# আরও জানুন

## হেপাটাইটিস বি চিকিৎসা

আপনার যদি দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি থাকে তবে আপনার যকৃতের স্বাস্থ্য পরীক্ষা করার জন্য আপনাকে নিয়মিত আপনার ডাক্তারের সাথে দেখা করতে হবে, কারণ যে কোনো সময় যকৃতের ক্ষতি হতে পারে।

হেপাটাইটিস বি ভাইরাস নিয়ন্ত্রণ করতে পারে এমন ওষুধ রয়েছে। তারা আপনার যকৃতের ক্ষতি কমাতে পারে এবং যকৃত ক্যান্সারের ঝুঁকি কমাতে পারে। আপনার ওষুধ খাওয়ার প্রয়োজন হলে আপনার ডাক্তার আপনাকে বলবেন।

## হেপাটাইটিস বি টিকা

হেপাটাইটিস বি ভাইরাস নিয়ন্ত্রণ করতে পারে এমন ওষুধ রয়েছে। তারা আপনার যকৃতের ক্ষতি কমাতে পারে এবং যকৃত ক্যান্সারের ঝুঁকি কমাতে পারে। আপনার ওষুধ খাওয়ার প্রয়োজন হলে আপনার ডাক্তার আপনাকে বলবেন।

অস্ট্রেলিয়ায় নবজাতক শিশু, কিশোর এবং প্রাপ্তবয়স্কদের জন্য হেপাটাইটিস বি টিকা বিনামূল্যে দেয়া হয়, পাশাপাশি পরিবারের সদস্য এবং যারা হেপাটাইটিস বি আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে থাকে তাদের জন্যও বিনামূল্যে প্রদান করা হয়।

হেপাটাইটিস বি টিকা সম্পর্কে আপনার ডাক্তারকে জিজ্ঞাসা করুন।



# আরও তথ্যের জন্য

## বহুসাংস্কৃতিক এইচআইভি এবং হেপাটাইটিস পরিষেবা

বহুভাষিক তথ্য

- www.mhahs.org.au
- info@mhahs.org.au
- TheMHAHS

## হেপাটাইটিস এন এস ডব্লিউ

হেপাটাইটিস সহায়ক লাইন

- www.hepb.org.au
- 990 803 1800

## Hepatitis Australia

জাতীয় তথ্য লাইন

- www.hepatitisaustralia.com
- 222 437 1300

## অনুবাদ এবং দোভাষী পরিষেবা (টিআইএস)

আপনার ভাষায় একজন দোভাষীর সাথে কথা বলুন

- 131 450

**www.mhahs.org.au/ index.php/ en/hepatitis/hepatitis-b-testing**



# হেপাটাইটিস বি

## আপনি কি হেপাটাইটিস বি নিয়ে বসবাস করছেন? জানুন। পরীক্ষা করান।

## হেপাটাইটিস বি কি?

হেপাটাইটিস বি হচ্ছে একটি ভাইরাস দ্বারা সৃষ্ট যকৃত সংক্রমণ

হেপাটাইটিস শব্দের অর্থ যকৃতের প্রদাহ। যখন যকৃত স্ফীত বা ক্ষতিগ্রস্ত হয়, এটি সঠিকভাবে কাজ নাও করতে পারে এবং এটি আপনার স্বাস্থ্যকে প্রভাবিত করতে পারে।

হেপাটাইটিস তীব্র (স্বল্পমেয়াদী) বা দীর্ঘস্থায়ী (দীর্ঘমেয়াদী) হতে পারে।

তীব্র হেপাটাইটিস বি হল যখন একজন ব্যক্তি ৬ মাসের মধ্যে ভাইরাস থেকে মুক্তি পান (সংক্রমন মুক্ত হন)। একবার তারা এটি হতে সংক্রমন মুক্ত হওয়ার পরে, তারা আবার হেপাটাইটিস বি ভাইরাসে সংক্রমিত হতে পারে না এবং এটি অন্যদেরকে সংক্রমিত করতে পারেনা।

দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি হল যখন সংক্রমণ ৬ মাসের বেশি স্থায়ী হয়। দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি যকৃতের ক্ষতি করতে পারে(সিরোসিস) এবং যকৃতের ক্যান্সার হতে পারে।

দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি নিয়ে বসবাসকারী বেশিরভাগ মানুষই জানেন না যে তাদের এটি আছে, কারণ লক্ষণগুলি দেখা দিতে কয়েক বছর সময় লাগতে পারে।





## আপনি কি দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি এর সাথে বসবাস করছেন?

হেপাটাইটিস বি আমাদের সম্প্রদায়ের মধ্যে সাধারণ।

অস্ট্রেলিয়ায় দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি নিয়ে বসবাসকারী বেশিরভাগ মানুষই সেই দেশে জন্মগ্রহণ করেছেন যেখানে হেপাটাইটিস বি খুবই সাধারণ।

### হেপাটাইটিস বি এ পৃথিবীতে




একজন ব্যক্তি যত কম বয়সে হেপাটাইটিস বি আক্রান্ত হন, প্রাপ্তবয়স্ক হিসাবে দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি হওয়ার ঝুঁকি তত বেশি। এটি হওয়ার সবচেয়ে সাধারণ উপায় হল:

- জন্মের সময়, মা থেকে শিশুর মাঝে সংক্রমিত হয়।
- শৈশবে, ব্যক্তি থেকে ব্যক্তিতে ঘা বা কাটার মাধ্যমে সংক্রমিত হয়।

হেপাটাইটিস বি আক্রান্ত ৯০% শিশুর দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি হবে।

## পরীক্ষা করান

**আপনার দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি আছে কিনা তা জানার একমাত্র উপায় হল হেপাটাইটিস বি রক্ত পরীক্ষা করা। এটা দ্রুত এবং সহজ.**

হেপাটাইটিস বি পরীক্ষার জন্য আপনার ডাক্তারকে জিজ্ঞাসা করুন যদি আপনি:

- এমন একটি দেশে জন্মগ্রহণ করেছেন বা বসবাস করেছেন যেখানে হেপাটাইটিস বি সাধারণ।
- পরিবারের এমন একজন সদস্যের সাথে বসবাস করছেন যে হেপাটাইটিস বি, লিভারের রোগ বা লিভার ক্যান্সারে আক্রান্ত।
- দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি আছে এমন কারো সাথে বসবাস করছেন।
- অনিরাপদ যৌন মিলন করেছেন (কনডম ছাড়া যৌন মিলন)।
- দেশের বাইরে এমন দেশে চিকিৎসা বা দাঁতের চিকিৎসা করিয়েছেন যেখানে যন্ত্রপাতি সঠিকভাবে জীবাণুমুক্ত (পরিষ্কার) করা হয় না।
- রক্ত সম্পর্কিত সাংস্কৃতিক প্রথাগুলিতে অংশগ্রহণ করেছেন, যেমন উল্কি করা, গায়ে ছিদ্র করা বা আকুপাংচার।
- বিদেশে বা ১৯৯০ সালের পূর্বে অস্ট্রেলিয়ায় রক্ত সঞ্চালন করেছেন।

